গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পার্বতীপুর, দিনাজপুর
www.parbatipur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭৭৭.০১১.০৬.০২০.২৬- ৮০

তারিখ: ০৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## " বাংলা ১৪৩৩ সনের জন্য পার্বতীপুর উপজেলার হাট-বাজারসমূহের ইজারা দরপত্র বিজ্ঞপ্তি "

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৬ অক্টোবর ২০২৫ খ্রি. তারিখে প্রকাশিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়ের হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা,২০২৫ মোতাবেক দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন নিম্নোক্ত ক্যালেন্ডারে বর্ণিত সায়রাতভুক্ত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩৩ সনের জন্য ০১ (এক) বছর মেয়াদে (০১ বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৩ পর্যন্ত) অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে কোন আদালতের আদেশ দ্বারা বারিত না করার সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে আগ্রহী ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিকট থেকে অত্রাফিসের নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে এবং ইজারা বিজ্ঞপ্তি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের নিজস্ব ওয়েবসাইট www.parbatipur.dinajpur.gov.bd হতে ডাউনলোড করা যাবে।

| দরপত্র/সিডিউল প্রাপ্তির স্থান | দরপত্র দাখিলের স্থান |
|---|---|
| (ক) জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর | (ক) জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর |
| (খ) পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর | (খ) পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর |
| (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর | (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর |
| (ঘ) উপজেলা ভূমি অফিস, পার্বতীপুর, দিনাজপুর | (ঘ) উপজেলা ভূমি অফিস, পার্বতীপুর, দিনাজপুর |
| (ঙ) পার্বতীপুর মডেল থানা, দিনাজপুর | |
| (চ) সোনালী ব্যাংক, হগলিপাড়া শাখা, দিনাজপুর | |
| (ছ) সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর | |

দরপত্রের সিডিউলসমূহ নির্ধারিত স্থান ও তারিখ অফিস চলাকালীন সময়ে নির্ধারিত (ক্যালেন্ডারে) মূল্যে (অফেরতযোগ্য) সংগ্রহকরতঃ নির্ধারিত (ক্যালেন্ডারে) তারিখ ও নির্ধারিত স্থানে রক্ষিত টেন্ডার বাক্সে সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টার মধ্যে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না। দরপত্র ঐ দিনই বিকাল ৩.০০ টায় দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

| পর্যায় | দরপত্র বিক্রয়ের শুরুর তারিখ ও সময় | | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | | দরপত্র খোলার তারিখ ও সময় | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ২২/০১/২০২৬ | সকাল ০৯.০০ টা-বিকাল ০৫.০০ টা | ২৪/০২/২০২৬ | সকাল ০৯.০০ টা-বিকাল ০৫.০০ টা | ২৫/০২/২০২৬ | সকাল ১০.০০ টা-দুপুর ০১.০০ টা | ২৫/০২/২০২৬ | বিকাল ০৩.০০ টা |
| ২য় পর্যায় | ২৬/০২/২০২৬ | | ১১/০৩/২০২৬ | | ১২/০৩/২০২৬ | | ১২/০৩/২০২৬ | |
| ৩য় পর্যায় | ১৫/০৩/২০২৬ | | ০৬/০৪/২০২৬ | | ০৭/০৪/২০২৬ | | ০৭/০৪/২০২৬ | |

**বি.দ্র. ১ম বারে ইজারা প্রদান করা সম্ভব না হলে দরপত্রে উল্লিখিত পরবর্তী তারিখসমূহে ক্রমান্বয়ে ইজারার ব্যবস্থা গ্রহণ করা হবে।**

### ক্যালেন্ডার

| ইউনিয়ন | ক্রঃনং | হাট-বাজারের নাম | বাংলা ১৪৩৩ সনের কাঙ্খিত সরকারি মূল্য (টাকা) | প্রতি সেট দরপত্র সিডিউল মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১নং বেলাইচন্ডি | ১ | বেনীর হাট | ১৪২২৩৬৭.০০ | ৩৬০০.০০ |
| | ২ | গোপালগঞ্জ হাট | ১০৮১৩৩.০০ | ১০০০.০০ |
| | ৩ | চাকলার হাট | ১৩১৪৪৪.০০ | ১০০০.০০ |
| | ৪ | জাকেরগঞ্জ হাট | ২৪১৭৮.০০ | ৫০০.০০ |
| | ৫ | সুন্দরপীর হাট | ৫২৫০.০০ | ৫০০.০০ |
| | ৬ | দেলদেলা হাট | ২৭১৮.০০ | ৫০০.০০ |
| | ৭ | বেলাইচন্ডি বাসস্ট্যান্ড | ১৮২৭৩.০০ | ৫০০.০০ |
| | ৮ | ক্যানেলের বাজার | ১০৬০০.০০ | ৫০০.০০ |
| ২নং মন্মথপুর | ৯ | দাগলাগঞ্জ হাট | ২৫৫৩৩৩.০০ | ১২০০.০০ |
| | ১০ | চড়কডাঙ্গা হাট | ৮৬০০.০০ | ৫০০.০০ |
| | ১১ | মিশন বাজার হাট | ৭২৪০.০০ | ৫০০.০০ |
| | ১২ | বানিয়াপাড়ামোড় বাজার | ৩২৪৮৩৩.০০ | ১৪০০.০০ |
| | ১৩ | চাকলা বাজার | ১০১৫০০.০০ | ১০০০.০০ |
| | ১৪ | দেওয়ানীর বাজার হাট | ৯৯২.০০ | ৫০০.০০ |
| | ১৫ | অন্তরের বাজার হাট | ৫৭৩৭.০০ | ৫০০.০০ |
| ৩নং রামপুর | ১৬ | জমিরের হাট | ১৮১১০০.০০ | ১০০০.০০ |
| | ১৭ | ফকিরের বাজার | ৭২৩৩৩.০০ | ৫০০.০০ |
| | ১৮ | সিঙ্গীমারী হাট | ৩১৭৭৭.০০ | ৫০০.০০ |
| ৪নং পলাশবাড়ী | ১৯ | ডাঙ্গার হাট | ২২৩১০০.০০ | ১২০০.০০ |
| | ২০ | চক বাজার | ৭৪৩৫৬.০০ | ৫০০.০০ |
| | ২১ | বোর্ড বাজার | ১২৬৬.০০ | ৫০০.০০ |
| | ২২ | দূর্গাপুর বাজার | ১৬৭.০০ | ৫০০.০০ |
| | ২৩ | নয়া বাজার | ৩২৩৯.০০ | ৫০০.০০ |
| ৫নং চন্ডিপুর | ২৪ | বছির বানিয়া হাট | ১২৮৯৩৫.০০ | ১০০০.০০ |
| | ২৫ | কারেন্ট হাট | ১৪৬৩৩.০০ | ৫০০.০০ |
| ৬নং মোমিনপুর | ২৬ | যশাই হাট | ৪৩৯৫০০০.০০ | ৯৪০০.০০ |
| | ২৭ | ভবের বাজার হাট | ২৪৪২৬৭.০০ | ১২০০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| | ২৮ | জুড়াই বাজার | ৩২৪০০.০০ | ৫০০.০০ |
| | ২৯ | যশাই মোড় বাজার | ১৮৯৩.০০ | ৫০০.০০ |
| ৭নং মোস্তফাপুর | ৩০ | আমবাড়ী হাট | ৮০২১৯৩৩৩.০০ | ১৬১২০০.০০ |
| | ৩১ | কালির হাট | ৩৮৩৩.০০ | ৫০০.০০ |
| | ৩২ | চোপার হাট | ২১৪০০.০০ | ৫০০.০০ |
| | ৩৩ | বড় রামচন্দ্রপুর হাট | ৬৪১৬.০০ | ৫০০.০০ |
| | ৩৪ | ফরিদপুর বাজার | ১৭৫৮৩৩.০০ | ১০০০.০০ |
| ৮নং হাবড়া | ৩৫ | হাবড়া হাট বাজার | ১৫২৩০০০.০০ | ৩৮০০.০০ |
| | ৩৬ | ভবানীপুর হাট | ৮৯৬৬৬৭.০০ | ২৪০০.০০ |
| | ৩৭ | ভবানীপুর বাজার | ১৪২০০০.০০ | ১০০০.০০ |
| | ৩৮ | রামচন্দ্রপুর হাট | ৯৪৫০.০০ | ৫০০.০০ |
| | ৩৯ | শেরপুর শহীদ হাট | ৬৯০৭.০০ | ৫০০.০০ |
| | ৪০ | ঝিনাইকুড়ী হাট | ১১৬৬৭.০০ | ৫০০.০০ |
| | ৪১ | ফুলের ঘাট হাট | ৬৭৪৯৮.০০ | ৫০০.০০ |
| | ৪২ | শিয়ালকোট হাট | ১৪৭৫০.০০ | ৫০০.০০ |
| | ৪৩ | চৌপতী হাট | ৬৫৮৩৩.০০ | ৫০০.০০ |
| ৯নং হামিদপুর | ৪৪ | ঢেড়ের হাট | ২৫৩৬৩৯.০০ | ১২০০.০০ |
| | ৪৫ | ধুলা উদাল হাট | ১৭১৬৭.০০ | ৫০০.০০ |
| | ৪৬ | বৈগ্রাম হাট | ১৩৪৮৩.০০ | ৫০০.০০ |
| ১০নং হরিরামপুর | ৪৭ | আনন্দ বাজার | ১৩৬৪৩৩.০০ | ১০০০.০০ |
| | ৪৮ | ভাদুরী হাট | ৪৬২১৬৭.০০ | ১৬০০.০০ |
| | ৪৯ | খয়ের পুকুর হাট | ৩০৯০১০০.০০ | ৬৮০০.০০ |
| | ৫০ | মৌলভীর ডাঙ্গা হাট | ৫৩৯৫৬৭.০০ | ১৮০০.০০ |

## শর্তাবলী:

০১। বাংলা ১৪৩৩ সনের ০১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ০১ (এক) বছর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে পাসপোর্ট সাইজের সদ্যতোলা রঙ্গিন ০২ (দুই) কপি (গেজেটেট অফিসার কর্তৃক সত্যায়িত) ছবি, জাতীয় পরিচত্রের সত্যায়িত কপি এবং সংশ্লিষ্ট এলাকার চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

০৩। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ১০% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা-গ্রহীতা হাট-বাজার নিজ খরচে নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জমাকারী বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৪। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৮০% (শতকরা আশি ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৫। প্রাপ্ত Responsive দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দরের অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্য হতে কম হয়, তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৬। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৭। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট/বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১১। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৭ (সাত) কার্যদিবসের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১২। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। ইজারাদার হাট-বাজারে নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৬। হাট-বাজারের অপরিশোধিত ইজারার টাকা সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঙ্ঘন করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৮। কর্তৃপক্ষ যেকোন সংশোধন/সংযোজন/পরিমার্জন যে কোন সময় করতে পারবেন।

১৯। ইজারার মেয়াদ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট হাট ও বাজারের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে এবং ইজারা মেয়াদ শেষে কোন হাট ও বাজারের উপর ইজারাগ্রহীতার কোন প্রকার দাবি বা অধিকার বা স্বত্ব থাকিবেনা এবং উক্ত হাট ও বাজারের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে হাট ও বাজার ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের নিকট ন্যাস্ত হবে।

২০। প্রাপ্ত দরপত্রসমূহ উপজেলা পরিষদ সভা/দরপত্র মূল্যায়ন কমিটির অনুমোদন সাপেক্ষে গৃহীত/বাতিল হবে।

২১। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২২। ইজারা কার্যক্রমের যে কোন পর্যায়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১/০১/২০২৬

(মোঃ সাদ্দাম হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
পার্বতীপুর, দিনাজপুর
ফোন নং-০২৫৮৮-৮৭৮৫১৫
Email: unoparbatipur@mopa.gov.bd